# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৪১

৯. পানীয় অধ্যায় (كتاب الأشربة)

পরিচ্ছেদঃ ৯. মদ ক্রয়-বিক্রয়ের নিষেধাজ্ঞা

## بَاب النَّهْيِ عَنْ بَيْعِ الْخَمْرِ وَشِرَائِهَا

### আরবী

أَخْبَرَنَا سَهْلُ بْنُ حَمَّادٍ حَدَّثَنَا طُعْمَةُ حَدَّثَنَا عَمْرُو بْنُ بَيَانٍ التَّغْلِبِيُّ عَنْ عُرْوَةَ بْنِ الْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ عَنْ أَبِيهِ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ مَنْ بَاعَ الْخَمْرَ فَلْيُشَقِّصْ الْخَنَازِيرَ قَالَ أَبُو مُحَمَّد إِنَّمَا هُوَ عُمَرُ بْنُ بَيَانٍ

### বাংলা

২১৪১. উরওয়াহ ইবনু মুগীরাহ ইবনু শু’বা তার পিতা হতে বর্ণনা করেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “যে ব্যক্তি মদ বিক্রি করল, সে যেন শুকুর যবেহ করে অংশীদারদের মধ্যে ভাগ করে দিল।”[1]

আবূ মুহাম্মদ বলেন, সে (রাবী ’আমর ইবনু বায়ান মূলত:) ছিলো উমার ইবনু বায়ান।

### ফুটনোট

[1] তাহক্বীক্ব: হাদীসটি জাইয়্যেদ বা উত্তম।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল হুমাইদী নং ৭৭৮ তে।

এটি বর্ণনা করেছেন তায়ালিসী ১/৩৩৮ নং ১৭১৯ তে।

فَلْيُشَقِّصِ الْخَنَازِر অর্থ: ইবনুল আছীর বলেন, ‘ছাগলের গোশতে যেভাবে টুকরা টুকরা করে বন্টন করা হয়, তদ্রুপ সে যেন শুকরের গোশ কেটে বন্টন করলো।’

অর্থ: যে ব্যক্তি মদ ব্যবসাকে হালাল মনে করে, সে যেন শুকর ব্যবসাকে হালাল মনে করলো। কেননা, এ দু’টিই হারাম হওয়ার দিক থেকে অনুরূপ। এটি নির্দেশ অর্থে। আর নিষেধ অর্থে: যে ব্যক্তি মদ বিক্রি করলো, শুকরের

গোশত বন্টনকারী হলো।’

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উরওয়াহ ইবনুল মুগীরাহ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82424

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন